

প্রথম আলো

তারিখ ... SEP. 05. 2006 ...

পৃষ্ঠা ৪ কলাম ১

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা, শিক্ষার্থীদের মানববন্ধন উপাচার্যকে অপসারণের জন্য রাষ্ট্রপতিসহ সবার সাহায্য চেয়েছেন শিক্ষকেরা

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোসলেহ উদ্দিন আহমদের অপসারণের জন্য রাষ্ট্রপতি থেকে শুরু করে সব মহলের কাছে আবেদন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকেরা। গতকাল সোমবার এক সভায় শিক্ষকেরা এ আহ্বান জানান।

সংগঠনের আহ্বায়ক ড. আখতারুল ইসলামের সভাপতিত্বে গতকাল দুপুরে ক্যাম্পাসে অনুষ্ঠিত সভায় শিক্ষকেরা বলেন, বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ দেশবাসীর কাছে একটি ব্যাপার স্পষ্ট। ড. মোসলেহ উদ্দিন আহমদ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ও প্রশাসনিক কর্মকাণ্ড পরিচালনা করতে ব্যর্থ হয়েছেন। তার কারণেই শাহজালাল বিশ্ববিদ্যালয় আজ ধ্বংসের ঘরপ্রান্তে।

শিক্ষকেরা অবিলম্বে ড. মোসলেহ উদ্দিন আহমদকে অপসারণ করে বিশ্ববিদ্যালয়কে ধ্বংসের হাত থেকে রক্ষার আবেদন জানান। দাবি আদায়ে তারা আগামী ৬ ও ৭ সেপ্টেম্বর এক নম্বর প্রশাসনিক ভবনের সামনে দিনব্যাপী অবস্থান ধর্মঘট পালন করার ঘোষণা দিয়েছেন।

একই দাবিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট গতকাল সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার থেকে বিশ্ববিদ্যালয় অভিমুখে 'পদযাত্রা' কর্মসূচি পালন করেছে। সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক আবদুল্লাহ আল মামনের সভাপতিত্বে

অনুষ্ঠিত পদযাত্রা কর্মসূচি উদ্বোধন করেন ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সভাপতি খালেদুজ্জামান লিপন। শহীদ মিনার থেকে শুরু করে পদযাত্রাটি বিশ্ববিদ্যালয় অভিমুখে রওনা দিলে ক্যাম্পাসের প্রধান ফটকের ২০০ গজ দূরে পুলিশ আটকে দেয়। পরে ওই স্থানেই পদযাত্রার আনুষ্ঠানিক সমাপ্তির ঘোষণা দেওয়া হয়।

ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সভাপতি খালেদুজ্জামান লিপন বলেন, সরকারের অগণতান্ত্রিক হস্তক্ষেপ এবং নির্লজ্জ দলীয়করণে শাহজালাল বিশ্ববিদ্যালয় অচলাবস্থার প্রধা কারণ। ছাত্রদের আন্দোলনের মত পতন্যকারী উপাচার্য ড. মোসলেহ উদ্দিন আহমদকে শত দুর্নীতি, অনিয়ম ও নৃশংস অভিযোগ থাকা সত্ত্বেও পুনর্বহাল করে পরিকা এই বিশ্ববিদ্যালয়কে একটি দলীয় প্রতিষ্ঠা পরিণত করার চক্রান্ত করছে। তিনি অবিলম্বে ড. মোসলেহ উদ্দিন আহমদকে অপসারণ করে একজন সৎ ও যোগ্য ব্যক্তিকে উপাচার্য নিয়োগ দিয়ে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানান।

সাধারণ শিক্ষার্থীদের মানববন্ধন বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা শিক্ষার সু পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে গতকাল বিকেল পাঁচটায় সিলেট কেন্দ্রীয় শহীদ মিনা মুখে কালো কাপড় বেঁধে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। একই দাবিতে আজ মঙ্গলবার সকাল ১০টায় তারা কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান ধর্মঘট পালন করবেন।